# Times Today BD

জেলা প্রতিনিধি | বরিশাল | 04 July, 2025

প্রয়াত জামায়াত নেতা দেলাওয়ার হোসাইন সাঈদীর ছেলে ও পিরোজপুর-১ আসনে জামায়াতে ইসলামীর মনোনীত সংসদ সদস্য প্রার্থী মাসুদ সাঈদী বলেছেন, পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতির মাধ্যমে একটি সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন সম্ভব।এ পদ্ধতিতে জনগণের ভোটাধিকার নিশ্চিত হবে, মনোনয়ন বাণিজ্য বন্ধ হবে এবং নির্বাচনকে ঘিরে যে দুর্নীতির চর্চা রয়েছে, তা রোধ করা সম্ভব হবে।

শুক্রবার (৪ জুলাই) সকাল ১১টায় জামায়াতে ইসলামী পিরোজপুর পৌর শাখার আয়োজনে জেলা কার্যালয়ে কর্মীদের সঙ্গে মতবিনিময় সভা, শহরে জনসংযোগ এবং ভাড়ানিখাল খননকাজ পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন।

মাসুদ সাঈদী বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামীর পক্ষ থেকে ১৯৮২ সালে তত্ত্বাবধায়ক সরকারের যে দাবি তোলা হয়েছিল, তা নয় বছর পরে হলেও দেশের জনগণ ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপলব্ধি করতে পেরেছিলেন।ঠিক তেমনি, বর্তমানে যে পিআর পদ্ধতির দাবিটি আমরা করছি, সেটিও সময়ের ব্যবধানে জনগণ ও রাজনৈতিক দলগুলো বুঝতে পারবে।পিআর পদ্ধতির মাধ্যমে জনগণের ভোটাধিকার নিশ্চিত হবে, মনোনয়ন বাণিজ্য বন্ধ হবে, টাকার অপব্যবহার রোধ এবং নির্বাচন ঘিরে যে দুর্নীতি গুলো হয় তা রোধ করা সম্ভব হবে।

তিনি বলেন, পিরোজপুরের মানুষের সেবা করাই আমার প্রধান লক্ষ্য।আমার বাবার আদর্শকে বুকে ধারণ করে আমি এ আসনকে শান্তি, উন্নয়ন ও ন্যায়ের পথে এগিয়ে নিতে চাই।আপনারা আমাদের পাশে থাকুন- ইনশাআল্লাহ, আমরা পিরোজপুরকে একটি আদর্শ ও আধুনিক জনপদ হিসেবে গড়ে তুলতে পারব।

এ সময় তার সঙ্গে ছিলেন জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মো. জহিরুল হক, সহকারী সেক্রেটারি আব্দুর রাজ্জাক, পৌর শাখার আমীর মো. ইসহাক আলী খান, সেক্রেটারি মো. আল আমিন সেখ, এসিস্ট্যান্ট সেক্রেটারি আব্দুল হালিম, ৫ নম্বর ওয়ার্ডের আমীর মোদাচ্ছের হোসাইন এবং মাসুদ সাঈদীর পুত্র মো. আব্দুল্লাহ ইবনে মাসুদ প্রমুখ।

জামায়াতে ইসলামী নির্বাচন সাঈদী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 20:58

URL: https://timestodaybd.com/public/barishal/4158300649